

## Indian nationals on board Diamond Princess cruise ship off Japan coast brought back in a special flight

February 27, 2020

জাপানের সমুদ্রতটে ডায়মন্ড প্রিন্সেস প্রমোদতরীর আরোহী ভারতীয় নাগরিকদের বিশেষ বিমানে দেশে ফিরিয়ে আনা হয়েছে।

ফেব্রুয়ারী 27,2020

1. 27 শে ফেব্রুয়ারী 2020 তারিখে এয়ার ইন্ডিয়ার একটি বিশেষ উড়ান টোকিও থেকে নিউ দিল্লিতে অবতরণ করেছে। জাপানের ইয়োকোহামা জাহাজ বন্দর ছেড়ে যাওয়া ডায়মন্ড প্রিন্সেস প্রমোদতরীরর আরোহী 119 জন ভারতীয় নাগরিক ( 113 জন জাহাজ কর্মী এবং 9 জন যাত্রী) কে এই উড়ানে ফিরিয়ে আনা হয়েছে। ভারতের প্রতিবেশী সুলভ প্রথম নীতি এবং ইন্দো-পেসিফিক দৃষ্টিভঙ্গির পথ অনুসরণ করে , বিশেষ উড়ানে 5 জন বিদেশী নাগরিককেও ফিরিয়ে আনা হয়েছে। এদের মধ্যে - 2 জন শ্রীলংকার, 1 জন নেপালের, 1 দক্ষিণ আফ্রিকার এবং 1 জন পেরুর নাগরিক। ফিরিয়ে নিয়ে আসা সকলকে হরিয়ানার , মানেসারে, ভারতীয় সেনাবাহিনীর তৈরি করা কোয়ারেন্টাইন সুবিধায়ুক্ত আস্থানায় 14 দিন কোয়ারেন্টাইনে রাখা হবে।
2. 03 জন জাহাজ কর্মী বিশেষ উড়ানে আরোহন করেন নি। তারা জাপান সরকার দ্বারা ঘোষিত বর্ধিত সময়ের কোয়ারেন্টাইন সময়কালটি প্রমোদতরীতেই কাটাবার জন্য তাদের ইচ্ছা প্রকাশ করেছেন।
3. ডায়মন্ড প্রিন্সেস জাহাজে প্রকৃত সওয়ার হওয়া মোট 138 জন ভারতীয় নাগরিকদের মধ্যে , 16 জন জাহাজ কর্মী সদস্যের করোনা ভাইরাস-2019 (কোভিড -19) পরীক্ষার ফল পজিটিভ এসেছে এবং তাদেরকে জাপানের তটভূমিস্থ চিকিৎসা ব্যবস্থায় যাবতীয় প্রয়োজনীয় চিকিৎসা এবং পরিচর্যা প্রদান করা হয়েছে। টোকিওস্থিত ভারতীয় দূতাবাস এদের সাথে যোগাযোগ রেখে চলেছে এবং তাদের সুস্থ হয়ে ওঠার বিষয়ে সর্বক্ষণ নজর রেখে চলেছে।
4. যেহেতু এই জাহাজ থেকে অবতরণ করা এক যাত্রীর কোভিড - 19 পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে তাই জাপান সরকার এই জাহাজটিকে 5 ই ফেব্রুয়ারী

2020 থেকে 19 শে ফেব্রুয়ারী 2020 অবধি 14 দিনের জন্য কোয়ারেন্টাইনে রেখেছে। যেহেতু জাহাজ কর্মীরা প্রাথমিক 14 দিনের কোয়ারেন্টাইনের সময় কালে তাদের রোজকারের কাজ চালিয়ে গেছে তাই জাপান সরকার কোয়ারেন্টাইনের মেয়াদকাল বৃদ্ধি করেছে।

নিউ দিল্লি  
ফেব্রুয়ারী 27,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.